

যুগান্তর

৭২ ঘণ্টার মধ্যে প্রকাশ হবে ডেন্টাল ভর্তি পরীক্ষার ফল!

প্রকাশ : ০১ নভেম্বর ২০১৯, ১৪:২৪ | অনলাইন সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



ছবি-সংগৃহীত

৭২ ঘণ্টার মধ্যে
ডেন্টাল ভর্তি পরীক্ষার
ফল প্রকাশিত হবে বলে
আশাবাদ ব্যক্তি
করেছেন স্বাস্থ্য
অধিদফতরের
মহাপরিচালক অধ্যাপক
ডাক্তার আবুল কালাম
আজাদ।

শুক্রবার দুপুরে এক
প্রশ্নের জবাবে তিনি
বলেন, এমবিবিএস
পরীক্ষার ফলাফলের
মত ডেন্টালের
পরীক্ষার ফলাফল
প্রকাশেও বিলম্ব হবে
না। আগামী ৭২ ঘণ্টার
মধ্যে ফলাফল
প্রকাশিত হবে বলে
আশা করছি।
সেলক্ষ্যেই সংশ্লিষ্টরা
কাজ করে যাচ্ছেন।

এর আগে আজ শুক্রবার (১ নভেম্বর) সরকারি-বেসরকারি ডেন্টাল কলেজ, ইউনিট ও ইনসিটিউটে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ব্যাচেলর অব ডেন্টাল সার্জনে (বিডিএস) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়েছে।

এদিন ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী বিভাগের ৫টি কেন্দ্রের ৯টি সেন্টারে সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

১০০টি এমসিকিউ পদ্ধতিতে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এর মধ্যে জীববিজ্ঞানে ৩০, রসায়নবিদ্যায় ২৫, পদার্থবিদ্যায় ২০, ইংরেজিতে ১৫ এবং সাধারণ জ্ঞান, বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ বিষয়ে ১০ নম্বর ছিল।

এ বছর সরকারি ১টি ডেন্টাল কলেজ ও ৮টি ডেন্টাল ইউনিটে ৫৩২টি আসনের বিপরীতে সর্বমোট ২৫ হাজার ১১৬ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী সর্বমোট ২৫ হাজার ১১৬ জন পরীক্ষার্থীর মধ্যে রাজধানী ঢাকার পাঁচটি কেন্দ্রে ১৭ হাজার ৭৪৫ জন এবং বাকি পরীক্ষার্থীরা রাজশাহী ও চট্টগ্রাম এর চারটি কেন্দ্রে অংশগ্রহণ করেন।

স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক বলেন, এমবিবিএসের মত ডেন্টালে ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। কোথাও কোনো অভিযোগ পাওয়া যায়নি।

তারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিস্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।